“মুজিব বর্ষে
বিআরডিবি’র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী
গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২০৫.১৮.০০১.২০.২১

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিষয়: **করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ তারিখঃ ১২/০৪/২০১ খ্রি.।
(২) পউসবি’র স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.৯৯.০২০.২০-২৫৯ তারিখঃ ১২/০৪/২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ সংক্রান্ত পত্রটির ছায়ালিপি এতৎসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৩-৪-২০২১
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)

বিতরণ :
১) যুগ্মপরিচালক (সকল), ............. বিআরডিবি, ঢাকা।
২) প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক (সকল), ..................... বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
৩) উপপরিচালক (সকল), বিআরডিবি, ......... জেলা।
৪) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে আপলো করার অনুরোধসহ)
৫) উপপরিচালক (সকল), বিআরডিবি,..............., ঢাকা।
৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল),............... উপজেলা, ................ জেলা।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২০৫.১৮.০০১.২০.২১/১(২)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:
১) পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৩-৪-২০২১
মো: শফিকুল ইসলাম
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.৯৯.০২০.২০-২৫৯

তারিখঃ ২৯ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-১২০, তারিখঃ ১২/০৪/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ সংক্রান্ত পত্রটির ছায়ালিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) ফর্দ।

১২.০৪.২০২১
(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
(e-mail: admin1.section@rdcd.gov.bd)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৫। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা/আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ।
৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিল্ক ভিটা), দুগ্ধভবন, তেঁজগাও শিল্প এলাকা, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা।
৯। যুগ্মসচিব (প্রশাসন/পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০। উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১। মহা-ব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ৯/ডি, মতিঝিল বা/এ, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল কর্মচারী (১০-২০ গ্রেডভুক্ত)।

অনুলিপিঃ

১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।**
২। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৩। অফিস কপি।

মহাপরিচালক এর দপ্তর
ডায়েরী নং
তাং ১২-০৪-২১
পরিচালক (প্রশাঃ)
পরিচালক (অডিট)
পরিচালক (স্বরেঃ)
পরিচালক (পমূপঃ)
পরিচালক (প্রশিঃ)
প্রঃ পরিচালক
উপপরিচালক (জনস)
একান্ত সচিব
মহাপরিচালক
এর স্বাক্ষর ঃ
ডায়েরীকারীর স্বাক্ষর ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১, তারিখ: ০৪.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৬, তারিখ: ০৮.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৮, তারিখ: ১১.০৪.২০২১

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে **আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত** পর্যন্ত নিম্নরূপ বিধি-নিষেধ আরোপ করা হলো:

(ক) সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে ও সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। তবে, বিমান, সমুদ্র, নৌ ও স্থলবন্দর এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(গ) সকল প্রকার পরিবহন (সড়ক, নৌ, রেল, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা ও জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না;

(ঘ) শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে। তবে, শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া নিশ্চিত করতে হবে;

(ঙ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(চ) অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। তবে টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

(ছ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় দুপুর ১২:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা এবং রাত ১২:০০টা থেকে ভোর ০৬:০০টা পর্যন্ত কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে;

(জ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(ঝ) বোরো ধান কাটার জরুরি প্রয়োজনে কৃষি শ্রমিক পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন সমন্বয় করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে;

(ট) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন;

(ঠ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে জুম্মা ও তারাবী নামাজের জমায়েত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে; এবং

(ড) উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে সম্পূরক নির্দেশনা জারি করতে পারবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০৪.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)
৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)